# সমকাল

তারিখ 14 JUN 2015
পৃষ্ঠা [illegible] কলাম ২

বাংলাদেশ শিক্ষক সমিতি

# পে স্কেলে অন্তর্ভুক্ত না করলে বৃহত্তর আন্দোলন

বেসরকারি এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীদের জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্ত না
করলে দেশব্যাপী বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে বলে হুমকি দিয়েছে
বাংলাদেশ শিক্ষক সমিতি। সমিতির সভাপতি ও শিক্ষক কর্মচারী সংগ্রাম
ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী মো. নজরুল ইসলাম রনি এবং ভারপ্রাপ্ত
মহাসচিব মো. রিয়াজ উদ্দিন এক যৌথ বিবৃতিতে শনিবার এ কথা বলেন। তারা
বলেন, ২০১৫-১৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে এই খাতে বরাদ্দ না দিলে
আগামী ১৬ জুন সব শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষকরা কালো ব্যাজ ধারণ করবেন।

বিবৃতিতে তারা বলেন, বেসরকারি শিক্ষক কর্মচারীদের জাতীয় বেতন স্কেলে
অন্তর্ভুক্ত না করলে বর্তমান সরকারের জন্য তা মারাত্মক আত্মঘাতী হবে।
বেসরকারি শিক্ষক কর্মচারীরা বিগত দিনে ঘোষিত সব পে স্কেলেই অন্তর্ভুক্ত
ছিলেন। বর্তমান সরকার যদি বেসরকারি শিক্ষক কর্মচারীদের পে স্কেলে
অন্তর্ভুক্ত না করে তাহলে শিক্ষক সমাজ আর শ্রেণীকক্ষে বসে থাকবে না।
বিবৃতিতে আরও স্বাক্ষর করেন সমিতির সিনিয়র সহসভাপতি মীর আবদুল
মালেক, সহসভাপতি আমিনুল ইসলাম, যুগ্ম মহাসচিব রফিকুল ইসলাম,
সাংগঠনিক সচিব তৌফিকুল ইসলাম, আবুল বাশার বাদশা, মিজানুর রহমান,
মুনজুরুল আমিন শেখর ও মহাসচিব বদরুজ্জামান বাদল। সংবাদ বিজ্ঞপ্তি।